

তারিখ 20 NOV 1987  
 পৃষ্ঠা... ১ কলাম ৫

20/11

**প্রকৌশল ডিপ্লোমা পরীক্ষা**

**নির্দিষ্ট তারিখে হোক**

“তিন বৎসরের ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স সমাপ্তি করতে এখন ৬ বৎসর লেগে যায়। ১৯৮৫-৮৬ ও ১৯৮৬-৮৭ শিক্ষাবর্ষে ছাত্ররা আজও ক্লাস শুরু করার কথা কল্পনা করতে পারছে না। এরই মধ্যে সরকার ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ, ১ম পর্বের উত্তির জন্য আবেদন পত্র গ্রহণ করেছে। এই নিয়ে পর পর তিনটি ব্যাচ অপেক্ষমান। অন্যদিকে ১৯৮১-৮২ শিক্ষাবর্ষের ছাত্ররা এখন পর্যন্ত কোর্স সমাপ্তি করে বের হতে পারছে না। বোর্ড পরীক্ষার তারিখ ঘোষণা করলেই, পরীক্ষা পিছানোর কালো হাত তৎপর হয়ে উঠে, দাবী করে, পরীক্ষা পিছানো হোক। আর বোর্ডও অতি সহজে। পরীক্ষা পিছাতে যিবা করে না। যার জন্য ক্ষতিগ্রস্ত হচ্ছে সাধারণ মধ্যবিত্ত গরীব ছাত্ররা। কেননা, বোর্ড কোনদিনই ঘোষণা তারিখে পরীক্ষা অনুষ্ঠিত করতে পারেনি। পর পর ২৩ বার তারিখ পিছানোর পর বোর্ড ফাইনাল অনুষ্ঠিত হয়েছে। এখন থেকে যদি নির্দিষ্ট তারিখে পরীক্ষা শুরু হয় তাহলে, সেশন জট, দীর্ঘমেয়াদী সময়ের অপচয় না হয় কিছুটা রোধ হবে। তাই আর পরীক্ষার তারিখ না পিছিয়ে ৫ই ডিসেম্বর হতে প্রকৌশল ডিপ্লোমার সকল বর্ষ ও পর্বের পরীক্ষা অনুষ্ঠিত করার জন্য, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীকান্ত বর্ধন

২য় বর্ষ (ভডিং)

পলিটেকনিক ইন্সটিটিউট,  
 সিলেট, বাংলাদেশ।